

## যঙ্গিফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৫৪

১/ বিবিধ

আরবী

ما من أمرىء يقرأ القرآن، ثم ينساه إلا لقي الله عز وجل يوم القيمة وهو أخذم  
ضعيف

أخرجه أبو داود (1474) من طريق ابن إدريس عن يزيد بن أبي زياد عن عيسى بن  
فائد عن سعد بن عبادة قال: قال رسول الله صلى الله عليه وسلم  
قلت: وهذا إسناد ضعيف، وفيه ثلاثة علل

أولاً: يزيد بن أبي زياد وهو الهاشمي مولاهم أبو عبد الرحمن كما قال المنذري  
(2/213) وهو ضعيف، تغير في كبره فصار يتلقن كما في التقريب  
ثانياً: عيسى بن فائد - بالفاء - قال ابن المديني: مجهول، لم يرو عنه غير يزيد بن أبي  
زياد

ثالثاً: الانقطاع. قال ابن عبد البر  
هذا إسناد رديء، وعيسى بن فائد لم يسمع من سعد بن عبادة ولا أدركه  
قلت: ويفيد ما قال، أن شعبة رواه عن يزيد بن أبي زياد عن عيسى عن رجل عن  
سعد

ابن عبادة به  
أخرجه أحمد (5/284) والدارمي (2/437) وأبن نصر في " قيام الليل " (74)  
وتابعه خالد وهو ابن عبد الله الطحان عند أحمد (5/285) ، فذكر الرجل بين

عيسى و سعد

বাংলা

১৩৫৪। যে ব্যক্তিই কুরআন পাঠ করবে অতঃপর তা ভুলে যাবে অবশ্যই সে কিয়ামতের দিন অঙ্গহানি অবস্থায় (অথবা কুষ্ঠ রোগ নিয়ে) আল্লাহর সাথে মিলিত হবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি আবু দাউদ (১৪৭৪) ইবনু ইদরীস সূত্রে ইয়ায়ীদ ইবনু আবু যিয়াদ হতে, তিনি ঈসা ইবনু ফায়েদ হতে, তিনি সাদ ইবনু ওবাদাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ তিনটি কারণে এ সনদটি দুর্বলঃ

১। ইয়ায়ীদ ইবনু আবী যিয়াদ হচ্ছেন হাশেমী যেমনটি মুনয়েরী (২/২১৩) বলেছেন এবং তিনি দুর্বল। তার শেষ বয়সে মন্তিষ্ঠ বিকৃতি ঘটেছিলো, তার ক্রটি ধরিয়ে দেয়া হতো যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে।

২। ঈসা ইবনু ফায়েদ সম্পর্কে ইবনুল মাদীনী বলেনঃ তিনি মাজহুল। তার থেকে ইয়ায়ীদ ইবনু আবী যিয়াদ ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি।

৩। সনদে বিচ্ছিন্নতা। ইবনু আব্দিল বার বলেনঃ এ সনদটি নিকৃষ্ট। ঈসা ইবনু ফায়েদ সাদ ইবনু ওবাদাহ (রাঃ) থেকে শ্রবণ করেননি এবং তাকে তিনি পাননি।

আমি (আলবানী) বলছিঃ তিনি যে কথা বলেছেন তাকে শক্তিশালী করছে শু'বার বর্ণনা। তিনি ইয়ায়ীদ ইবনু আবী যিয়াদ হতে, তিনি ঈসা হতে, তিনি এক ব্যক্তি হতে, তিনি সাদ ইবনু ওবাদাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন।

এটিকে ইমাম আহমাদ (৫/২৮৪), দারেমী (২/৪৩৭) ও ইবনু নাসর "কিয়ামুল লাইল" গ্রন্থে (৭৪) বর্ণনা করেছেন।

আর ইমাম আহমাদের নিকট (৫/২৮৫) খালেদ ইবনু আবদিল্লাহ তহহান তার মুতাবা'য়াত করেছেন। তিনি ঈসা এবং সাদের মাঝে একজন ব্যক্তিকে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72233>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন